

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
শুজলা অধিশাখা  
[www.hsd.gov.bd](http://www.hsd.gov.bd)

13.2.25

নং-৪৫.০০.০০০০.১২২.০২৭.০০৬.২৫-৬৭

তারিখঃ ১৩/০২/২০২৫ খ্রি.

বিষয়ঃ ডা. লিনা আকতার (১৩১৯১৮), মেডিকেল অফিসার, ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-এর  
বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুজলা ও আপিল) বিধিমালা, ২০১৮ মোতাবেক বিভাগীয় মামলা

বিভাগীয় মামলা নং .../২০২৫

### অভিযোগনামা

যেহেতু আপনি ডা. লিনা আকতার (১৩১৯১৮), মেডিকেল অফিসার, ওএসডি স্বাস্থ্য অধিদপ্তর ইতঃপূর্বে রোগ  
নিয়ন্ত্রণ, সিভিল সার্জনের কার্যালয়, পিরোজপুরে কর্মরত ছিলেন;

যেহেতু স্বাস্থ্য সেবা বিভাগের এইচআর-২ শাখার ২১ সেপ্টেম্বর ২০১৭ তারিখের ১২৩২ নং স্মারকে কানাডার  
Factory Optical and Optiks International-এ চাকরি করার জন্য আপনার অনুকূলে ০১  
(এক) বছর ০৬ মাস লিয়েন মঞ্জুর করা হয়;

যেহেতু আপনি পুনরায় লিয়েন বৃদ্ধির আবেদন করলে পরবর্তীতে বিভিন্ন পর্যায়ে ৩১.০৭.২০২২ পর্যন্ত লিয়েন বর্ধিত  
করা হয়;

যেহেতু আপনি লিয়েনের মেয়াদ উত্তীর্ণ হওয়ার পরেও দেশে ফিরে কর্মস্থলে যোগদান করেননি এবং ০১.০৮.২০২২  
হতে অদ্যাবধি চাকরিতে বিনা অনুমতিতে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু আপনার উপর্যুক্ত কার্যকলাপ সরকারি কর্মচারী (শুজলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও  
৩(গ) মোতাবেক অসদাচরণ ও পলায়ন হিসেবে গণ্য;

সেহেতু আপনাকে সরকারি কর্মচারী (শুজলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(গ) মোতাবেক  
অসদাচরণ ও পলায়নের দায়ে অভিযুক্ত করা হল এবং কেন আপনাকে উক্ত বিধিমালার অধীনে চাকরি হতে  
বরখাস্তকরণ অথবা অন্য কোনো উপযুক্ত দণ্ড প্রদান করা হবে না, সে বিষয়ে এ নোটিশ প্রাপ্তির ১০ (দশ)  
কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট কারণ দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হল।

একইসঙ্গে, আপনি ব্যক্তিগত শুনানি চান কিনা তাও জানাতে নির্দেশ প্রদান করা হল।

অভিযোগ বিবরণী এ সঙ্গে সংযুক্ত করা হল।

সাইদুর রহমান  
৩০/০১/২৫  
সচিব

ডা. লিনা আকতার (১৩১৯১৮)

মেডিকেল অফিসার

ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা

(স্থায়ী ঠিকানা: আতিকুর রহমান, হোল্ডি নং-২৮৯, ওয়ার্ড নং-০৭, মুসলিম পাড়া, পিরোজপুর)




নং- ৪৫.০০.০০০০.১২২.০২৭.০০৬.২৫ - ৬৭

তারিখঃ ৩০/০৯/ ২০২৫ খ্রি.

সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর (নোটিশটি অভিযুক্তের বর্তমান ও স্থায়ী ঠিকানায় যথাযথভাবে জারি করে জারির প্রতিবেদন এ অধিশাখায় প্রেরণের অনুরোধসহ)
- ২। যুগ্মসচিব (পারসোনেল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৩। সিভিল সার্জন, রোগ নিয়ন্ত্রণ, সিভিল সার্জনের কার্যালয়, পিরোজপুর
- ৪। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (বিষয়টি উক্ত কর্মকর্তার পিডিএস ও ডাটাবেজে সংরক্ষণ করার অনুরোধসহ)
- ৫। উপ-পরিচালক (শৃঙ্খলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (সংশ্লিষ্ট চিকিৎসকের ব্যক্তিগত ফাইলে এন্ট্রিসহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের অনুরোধসহ)
- ৬। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৮। অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৯। যুগ্মসচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ১০। অফিস কপি

  
৩০.০৯.২০২৫  
(মো. শাহাদত হোসেন কবির)  
উপসচিব  
ফোনঃ ৯৫৪৫০২৮  
disc@hds.gov.bd



## অভিযোগ বিবরণী

ডা. লিনা আকতার (১৩১৯১৮), মেডিকেল অফিসার, ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর ইতঃপূর্বে রোগ নিয়ন্ত্রণ, সিভিল সার্জনের কার্যালয়, পিরোজপুরে কর্মরত ছিলেন;

তাকে স্বাস্থ্য সেবা বিভাগের এইচআর-২ শাখার ২১ সেপ্টেম্বর ২০১৭ তারিখের ১২৩২ নং স্মারকে কানাডার Factory Optical and Optiks International-এ চাকরি করার জন্য ০১ (এক) বছর ০৬ মাস লিয়েন মঞ্জুর করা হয়;

পরবর্তীতে লিয়েন বৃদ্ধির আবেদন করলে এইচআর-২ শাখা কর্তৃক বিভিন্ন পর্যায়ে ৩১.০৭.২০২২ পর্যন্ত লিয়েন বর্ধিত করা হয়;

তিনি লিয়েনের মেয়াদ উত্তীর্ণ হওয়ার পরও দেশে ফিরে কর্মস্থলে যোগদান করেননি এবং ০১.০৮.২০২২ হতে অদ্যাবধি চাকরিতে বিনা অনুমতিতে অনুপস্থিত রয়েছেন;

ডা. লিনা আকতারের উপর্যুক্ত কর্মকান্ড সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(গ) মোতাবেক অসদাচরণ ও পলায়ন হিসেবে গণ্য। এ কারণে তিনি অসদাচরণ ও পলায়নের দায়ে অভিযুক্ত হয়েছেন।

২০/০১/২২  
(মো: সাইদুর রহমান)  
সচিব